গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.২৮.৬৮০.১৮-১২০৫

তারিখ : ১৭ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয় : সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০২০ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি অনুমোদন।**

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩এম/১৮৮-সম/২০০২/১৫৯২; তারিখ: ০৭.১১.২০১৯

উপযুর্ক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি/বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়সমূহের ২০২০ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে:

| ক্রমিক নং | পর্বের নাম | তারিখ ও দিন | তারিখ বঙ্গাব্দ | দিন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | শ্রী শ্রী সরস্বতী পূজা | ২৯ জানুয়ারি, বুধবার, ২০২০ | ১৫ মাঘ, ১৪২৬ | ০১ দিন |
| ২. | * মাঘী পূর্ণিমা | ০৮ ফেব্রুয়ারি, শনিবার, ২০২০ | ২৫ মাঘ, ১৪২৬ | ০১ দিন |
| ৩. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, শ্রী শ্রী শিবরাত্রি ব্রত | ২১ ফেব্রুয়ারি, শুক্রবার, ২০২০ | ০৮ ফাল্গুন, ১৪২৬ | ০০ দিন |
| ৪. | শুভ দোলযাত্রা | ০৯ মার্চ, সোমবার, ২০২০ | ২৫ ফাল্গুন, ১৪২৬ | ০১ দিন |
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস | ১৭ মার্চ, মঙ্গলবার, ২০২০ | ০৩ চৈত্র, ১৪২৬ | ০১ দিন |
| ৬. | * শব-ই-মিরাজ | ২৩ মার্চ, সোমবার, ২০২০ | ০৯ চৈত্র, ১৪২৬ | ০১ দিন |
| ৭. | স্বাধীনতা ও জাতীয় দিবস | ২৬ মার্চ, বৃহস্পতিবার, ২০২০ | ১২ চৈত্র, ১৪২৬ | ০১ দিন |
| ৮. | * শব-ই-বরাত | ০৯ এপ্রিল, বৃহস্পতিবার, ২০২০ | ২৬ চৈত্র, ১৪২৬ | ০১ দিন |
| ৯. | বৈসাবি, ইস্টার সানডে | ১২ এপ্রিল, রবিবার, ২০২০ | ২৯ চৈত্র, ১৪২৬ | ০১ দিন |
| ১০. | বাংলা নববর্ষ | ১৪ এপ্রিল, মঙ্গলবার, ২০২০ | ০১ বৈশাখ, ১৪২৭ | ০১ দিন |
| ১১. | * পবিত্র রমজান, মে দিবস( ১ মে) * বুদ্ধ পূর্ণিমা, বৈশাখি পূর্ণিমা (০৬ মে), * শব-ই-কদর (২১ মে), জুমাতুল বিদা (২২ মে), * * ঈদ-উল-ফিতর (২৫ মে) | ২৫ এপ্রিল, শনিবার থেকে ৩০ মে শনিবার, ২০২০ | ১২ বৈশাখ, থেকে ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৭ | ৩১ দিন |
| ১২. | * পবিত্র ঈদ-উল-আযহা (৩১ জুলাই, ০১ ও ০২ আগস্ট) ও গ্রীষ্মকালীন অবকাশ, | ২০ জুলাই, সোমবার থেকে ০৬ আগস্ট, বৃহস্পতিবার, ২০২০ | ০৫ শ্রাবণ থেকে ২২ শ্রাবণ, ১৪২৭ | ১৬ দিন |
| ১৩. | শুভ জন্মাষ্টমী | ১১ আগস্ট, মঙ্গলবার, ২০২০ | ২৭ শ্রাবণ, ১৪২৭ | ০১ দিন |
| ১৪. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, শনিবার, ২০২০ | ৩১ শ্রাবণ ১৪২৭ | ০১ দিন |
| ১৫. | * হিজরী নববর্ষ | ২১ আগস্ট, শুক্রবার, ২০২০ | ০৬ ভাদ্র, ১৪২৭ | ০০ দিন |
| ১৬. | * আশুরা | ৩০ আগস্ট, রবিবার, ২০২০ | ১৫ ভাদ্র, ১৪২৭ | ০১ দিন |
| ১৭. | * প্রবারণা পূর্ণিমা | ০১ অক্টোবর, বৃহস্পতিবার, ২০২০ | ১৬ আশ্বিন, ১৪২৭ | ০১ দিন |
| ১৮. | * আখেরী চাহার সোম্বা | ১৪ অক্টোবর, বুধবার, ২০২০ | ২৯ আশ্বিন, ১৪২৭ | ০১ দিন |
| ১৯. | দুর্গাপূজা (বিজয়া দশমী, ২৬ অক্টোবর) শ্রী শ্রী লক্ষ্মী পূজা (৩০ অক্টোবর) | ২২ অক্টোবর, বৃহস্পতিবার থেকে ৩০ অক্টোবর, শুক্রবার ২০২০ | ০৬ কার্তিক থেকে ১৪ কার্তিক, ১৪২৭ | ০৭ দিন |
| ২০. | * ঈদ-ই- মিলাদুন্নবী (সাঃ) | ৩০ অক্টোবর, শুক্রবার,২০২০ | ১৪ কার্তিক, ১৪২৭ | ০০ দিন |
| ২১. | শ্রী শ্রী শ্যামা পূজা | ১৪ নভেম্বর, শনিবার, ২০২০ | ২৯ কার্তিক, ১৪২৭ | ০১ দিন |
| ২২. | *ফাতেহা-ই-ইয়াজদাহম | ২৭ নভেম্বর, শুক্রবার ২০২০ | ১২ অগ্রহায়ণ, ১৪২৭ | ০০ দিন |
| ২৩. | শীতকালীন অবকাশ, বিজয় দিবস(১৬ ডিসেম্বর), যিশু খ্রিস্টের জন্মদিন (বড় দিন, ২৫ ডিসেম্বর) | ১৫ ডিসেম্বর, মঙ্গলবার থেকে ২৯ ডিসেম্বর, মঙ্গলবার, ২০২০ | ৩০ অগ্রহায়ণ থেকে ১৪ পৌষ, ১৪২৭ | ১৩ দিন |
| ২৪. | প্রধান শিক্ষকের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | | মোট = | | ৮৫ দিন |

*** চাঁদ দেখার উপর নির্ভরশীল।**

**চলমান পাতা-০২**

**পরীক্ষার সময়সূচি-২০১৯ খ্রি:**

| পরীক্ষার নাম | তারিখ | দিন সংখ্যা | ফলাফল প্রকাশ |
|---|---|---|---|
| অর্ধ-বার্ষিক/প্রাক নির্বাচনী পরীক্ষা | ১৩ জুন, ২০২০ শনিবার থেকে ২৫ জুন, ২০২০ বৃহস্পতিবার পর্যন্ত | ১২ দিন | ১১ জুলাই, শনিবার, ২০২০ |
| নির্বাচনী পরীক্ষা | ০৩ অক্টোবর, ২০২০ শনিবার থেকে ১৭ অক্টোবর, ২০২০ শনিবার পর্যন্ত | ১২ দিন | ০৫ নভেম্বর, বৃহস্পতিবার, ২০২০ |
| বার্ষিক পরীক্ষা | ২৮ নভেম্বর, ২০২০ শনিবার থেকে ১০ ডিসেম্বর, ২০২০ বৃহস্পতিবার | ১২ দিন | ৩০ ডিসেম্বর, বুধবার, ২০২০ |

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২০ খ্রি: পর্যন্ত। ১ম কর্মদিবস অর্থ্যাৎ ১ জানুয়ারি পাঠ্যপুস্তক দিবস হিসেবে উদ্‌যাপন করতে হবে।

২. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান উল্লিখিত পরীক্ষার সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনী পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা গ্রহণ নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১(এক) বছর সংরক্ষণ করতে হবে। প্রতি পরীক্ষার সময়কাল ১৪ দিনের বেশী হবে না।

৩. স্ব-স্ব বিদ্যালয় পরীক্ষা প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতিত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই বাহির থেকে প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না।

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতিত বছরে মোট ছুটি ৮৫ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল দিনকে সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে সে সকল দিন উক্ত ৮৫ দিনের অন্তর্ভুক্ত হবে।

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে বিদ্যালয় ছুটি দেয়া যাবে না এবং সংবর্ধনা/ পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না। সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/ অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, প্রাথমিক শিক্ষা সমাপনি পরীক্ষা / জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা ইত্যাদি প্রয়োজনে বিদ্যালয় খোলা রাখতে হবে।

৯. জেএসসি/ এসএসসি পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্র ব্যতীত অন্যান্য বিদ্যালয়সমূহে যথারীতি শ্রেণী কার্যক্রম চালু থাকবে।

১০.প্রত্যেক বিদ্যালয়ে দৈনিক পাঠ বিবরণী নামে ডায়েরি ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিলি করতে হবে। এ ডায়েরিতে ছাত্র/ছাত্রী পরিচিতি, অভিভাবকদের প্রতি পরামর্শ, ছাত্র/ছাত্রীদের আচরণবিধি, শিক্ষকদের নাম ও শিক্ষাগত যোগ্যতা, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরি নির্দেশনাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন (এতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে) অন্তর্ভুক্ত থাকবে।

১১.জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ মার্চ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর ক্লাস বন্ধ থাকবে। তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যালয়ে দিবসটি উদ্‌যাপন করতে হবে।

১২. প্রতিটি বিদ্যালয়ে সরকার কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজন ও শিক্ষা সপ্তাহ পালন করতে হবে।

০২.১২.২০১৯

(ড. মোঃ মোকছেদ আলী)
উপসচিব
ফোন : ৯৫৭৬৭৮০

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

**অনুলিপি :**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৫. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।